



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/31/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘোষণা করলেন নিউ ইয়র্ক সিটি সাবওয়ে সপ্তাহান্তের দিনে যাত্রীসংখ্যার নতুন রেকর্ড স্থাপন করেছে

28 অক্টোবর, সাবওয়ে 2.7 মিলিয়নের বেশি মূল্য পরিশোধকৃত যাত্রা রেকর্ড করেছে, যা 2022 সালে স্থাপিত পূর্বের মহামারী পরবর্তী রেকর্ড অতিক্রম করে

এই যাত্রাসমূহের মধ্যে রেকর্ড সর্বোচ্চ 55.2 শতাংশ OMNY এর অধীনে হয়েছে

নিউ ইয়র্ক সিটি বাস 852,000 এর বেশি মূল্য পরিশোধকৃত যাত্রা রেকর্ড করেছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে, 28 অক্টোবর, শনিবার, নিউ ইয়র্ক সিটি সাবওয়ে 2,744,462টি মূল্য পরিশোধকৃত যাত্রা রেকর্ড করেছে, যা 2020 সাল থেকে কোনও সপ্তাহান্তের দিনের জন্য সর্বোচ্চ। সর্বোচ্চ এই রেকর্ড 10 ডিসেম্বর, 2022 তারিখে স্থাপিত পূর্বের শনিবার ও সপ্তাহান্তের দিনের সর্বোচ্চ সংখ্যাকে উল্লেখজনকভাবে অতিক্রম করে, যখন আনুমানিক 2.6 মিলিয়ন মানুষ সাবওয়ে ব্যবহার করেছিলো। এছাড়াও নিউ ইয়র্ক সিটি বাসও (New York City Buses) শনিবার ভালো সংখ্যা দেখেছে, 852,000 এর বেশি মূল্য পরিশোধকৃত যাত্রা রেকর্ড করেছে, যা পূর্বের শনিবার থেকে 7.3 শতাংশ বেশি।

"মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষতে (Metropolitan Transportation Authority, MTA) আরো যাত্রীকে ফেরত আসতে আকৃষ্ট করার জন্য আমার প্রশাসন নিরাপত্তায় এবং বর্ধিত সেবায় ঐতিহাসিক বিনিয়োগ করেছে" **গভর্নর হোকল বলেন।** "আমরা আমাদের সাবওয়ে, রেলরোড, এবং বাসে যাত্রীসংখ্যার রেকর্ড ক্রমাগত ভেঙ্গে চলেছি কারণ নিউ ইয়র্কবাসীরা গর্বসহকারে সিস্টেমে ফেরত আসছে।"

শনিবারের সাবওয়ে রেকর্ড সিস্টেমে ট্যাপের মাধ্যমে চালিত হয়েছে, মোট যাত্রার মধ্যে 55.2 শতাংশ ছিলো ট্যাপ-অ্যান্ড-গো গ্রাহক, যা একটি একক দিনের জন্য রেকর্ড। মোট মূল্য পরিশোধকৃত সাবওয়ে যাত্রার প্রায় অর্ধেক সার্বিকভাবে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের স্পর্শবিহীন ভাড়া পরিশোধের ব্যবস্থা, OMNY দ্বারা পরিশোধ হয়েছে বলে হিসাব করা হয়েছে।

MTA নিউ ইয়র্ক সিটি ট্রানজিটের (New York City Transit) প্রেসিডেন্ট রিচার্ড ডেভি বলেন, "শনিবার বহু দিন পর প্রকৃতি আমাদেরকে ভালো আবহাওয়া প্রদান করেছে, এবং মানুষ

তার সদ্যবহার করেছে। সবথেকে গুরুত্বপূর্ণ ব্যাপার, তারা গন্তব্যে পৌঁছাতে রেকর্ড সংখ্যকবার সাবওয়ে ব্যবহার করেছে, এবং তাদের মধ্যে বহু যাত্রী OMNY ব্যবহার করেছে। দ্রুততর, পরিচ্ছন্নতর, নিরাপদতর সেবা প্রদান করা NYC ট্রানজিটের উদ্দেশ্যে, যার মধ্যে রয়েছে সপ্তাহান্তে আমাদের প্রদত্ত সেবার পরিমাণ বৃদ্ধি করা যাতে আমরা নিকট ভবিষ্যতে আরো রেকর্ড উদযাপন করতে পারি।"

ব্রক্স, ব্রুকলিন, ম্যানহাটন এবং কুইন্সে MTA কর্তৃক OMNY গ্রাহক ভেন্ডিং মেশিন সক্রিয় করার দুই দিন পূর্বে এই যাত্রীসংখ্যা ও OMNY রেকর্ড হয়েছে, যাত্রীরা ভেন্ডিং মেশিনে নগদ ব্যবহার করতে পারবে এবং ক্রয়ের জন্য ক্রেডিট ও ডেবিট কার্ড এবং ডিজিটাল ওয়ালেটও ব্যবহার করা যাবে।

এই কার্ডগুলি যাত্রার সময় মূল্য পরিশোধ করার জন্য এবং 7 দিনে 34.00 মার্কিন ডলারের বেশি ব্যয় না করার জন্য OMNY এর আর্থিক নমনীয়তার সুযোগ গ্রহণের আরেকটি উপায় প্রদান করে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)